



# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং- ১৪.৩২.০০০০.০০৩.০৩.০০১.১৫.০৩

তারিখঃ ১৫/০৩/২০১৭ ইং


## প্রেস রিলিজ

চট্টগ্রামে অবৈধ ভিওআইপি স্থাপনায় অভিযানঃ শ্রেফতার ৩ জন, ৬ সহস্রাধিক সিম উদ্ধার।

ঢাকা, মার্চ ১৫, ২০১৭:

চট্টগ্রামের পাঁচলাইশ থানাধীন তাহেরাবাদ আবাসিক এলাকার একটি ফ্ল্যাটে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ও র‍্যাব-০৭ এর সমন্বয়ে ১৫ মার্চ ২০১৭ গভীর রাতে যৌথ অভিযানে বিভিন্ন মোবাইল অপারেটরের ৬,০৬৪ (ছয় হাজার চৌষট্টি)-টি সিম ও প্রায় ৪০ লক্ষ টাকা মূল্যমানের অবৈধ ভিওআইপি সরঞ্জাম উদ্ধার করা হয়েছে এবং ঘটনার সঙ্গে জড়িত থাকার অপরাধে ০৩ ব্যক্তিকে শ্রেফতার করা হয়েছে।

অভিযানে মোবাইল অপারেটর টেলিটকের ২,৯৯৮টি, গ্রামীণফোনের ১,৪১৪টি, রবির ৭৮২টি, এয়ারটেলের ৫৭০টি, বাংলালিংকের ৩২০টি সিম জব্দ করা হয়। এছাড়া, অবৈধ ভিওআইপি কাজে ব্যবহৃত ২৫৬ (দুইশত চাশ্লান্ন) সিম পোর্ট, ৬৪ (চৌষট্টি) সিম পোর্ট, ৩২ (বত্রিশ) সিম পোর্ট বিশিষ্ট মোট ১০টি জিএসএমএ (সিমবক্স) গেটওয়ে, ০৩টি থ্রিজি মডেম, ০৪টি রাউটার, ০৫টি ল্যাপটপ এবং ৭৮টি জিএসএম আউট ডোর এ্যান্টেনাসহ অন্যান্য আনুষঙ্গিক মালামাল জব্দ করা হয়েছে। এ বিষয়ে চট্টগ্রামের পাঁচলাইশ থানায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন-২০০১ -এর অধীনে মামলা দায়ের করা হয়েছে।

  
(মোঃ সরওয়ার আলম)

সচিব ও মুখপাত্র  
বিটিআরসি

প্রাপক,

মাননীয় সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;  
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;  
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;  
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

(সংবাদ বিজ্ঞপ্তি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ, তাই জনস্বার্থে গুরুত্বসহ তা  
বহুল প্রচারের জন্য বিনীত অনুরোধ করছি।)